

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

শ্রেণি: দ্বাদশ

(ক) তথ্য প্রযুক্তি কী?

(খ) ই-কমার্স কী?

(গ) পৃথিবী একটি একক পরিবার - ব্যাখ্যা কর।

(ঘ) তথ্য ও নির্ভর বিশ্বই বিশ্বগ্রাম - ব্যাখ্যা কর।

(ক.) উত্তর : তথ্য ব্যবস্থা বা ইনফরমেশন সিস্টেমের সাথে সংশ্লিষ্ট কম্পিউটার নির্ভর প্রযুক্তিই হলো তথ্য প্রযুক্তি।

(খ) উত্তর : ইলেকট্রনিক কমার্সকে সংক্ষেপে ই-কমার্স বলা হয়। আধুনিক ডেটা প্রসেসিং এবং কম্পিউটার ভিত্তিক নেটওয়ার্ক ব্যবস্থা বিশেষ করে ইন্টারনেটের মাধ্যমে ব্যক্তি বা প্রতিষ্ঠানের মধ্যে পণ্য বা সেবা মার্কেটিং, ক্রয়-বিক্রয়, গ্রহণ-বিলি করা, ব্যবসা সংক্রান্ত লেনদেন ইত্যাদি করাই হচ্ছে ই-কমার্স।

(গ) উত্তর : বর্তমানে বিশ্বগ্রামের কল্যাণে পৃথিবী একটি একক পরিবারে পরিণত হয়েছে। বিশ্বগ্রাম এমন একটি পরিবেশ যেখানে পৃথিবীর সকল মানুষ একটি একক সমাজের ন্যায় বসবাস করে এবং ইলেক্ট্রনিক মিডিয়া ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে একে অপরকে সেবা প্রদান করে। ফলে ব্যাপক ভৌগোলিক দুরূহে বসবাস করেও সমস্ত মানবজাতি আজকে ইলেক্ট্রনিক ও টেলিযোগাযোগ মিডিয়ার ব্যাপক উৎকর্ষতায় পরস্পরের সাথে প্রায় পারিবারিক সম্পর্কের ন্যায় একটি গভীর আন্তঃসম্পর্ক গড়ে উঠেছে। এজন্য পৃথিবীকে এখন প্রায় একটি একক পরিবার হিসেবে গণ্য করা হয়।

(ঘ) উত্তর : তথ্য প্রযুক্তিই প্রকৃতপক্ষে বিশ্বগ্রামের ধারণার মূল ভিত্তি। বর্তমানে বিশ্বগ্রামের কল্যাণে পৃথিবী একটি একক পরিবারে পরিণত হয়েছে। বিশ্বগ্রাম এমন একটি পরিবেশ যেখানে পৃথিবীর সকল মানুষ একটি একক সমাজের ন্যায় বসবাস করে এবং ইলেক্ট্রনিক মিডিয়া ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে একে অপরকে সেবা প্রদান করে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিস্তৃত ব্যবহার তথা তথ্য আদান-প্রদানের জন্য ইনফরমেশন সুপার হাইওয়ের সাথে সংযোগ ছাড়া বিশ্বগ্রামের ধারণা অসম্ভব। তথ্য প্রযুক্তির বিস্ময়কর উৎকর্ষের কারণে সমগ্র বিশ্ব এক বিনিশুতার বাঁধনে পরস্পরের থেকে ভৌগোলিকভাবে দূরে থেকেও একটি একক সমাজের বাসিন্দা হয়ে উঠাই প্রমাণ করে তথ্য প্রযুক্তিই মূলত বিশ্বগ্রাম ধারণার মূল ভিত্তি।

আমির খসরু

প্রভাষক

এম এ মজিদ সায়েন্স কলেজ

খিরাটা, কাপাসিয়া, গাজীপুর